

বঙ্গভবন, ১০ অক্টোবর ২০২২:

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. আখতারুজ্জামান এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল আজ বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সাথে সাক্ষাৎ করেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্যদয়, কোষাধ্যক্ষ ও রেজিস্ট্রার এসময় উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন এবং এ সংক্রান্ত স্মরক উপহার ও প্রকাশনা রাষ্ট্রপতির কাছে হস্তান্তর করেন। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন ও শিক্ষা কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি বলেন, বর্তমানে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও সিন্ডিকেট মেম্বাররা বসেই পাঠ্যক্রম নির্ধারণ করে না বরং দেশের শিল্প ও বাণিজ্য খাতের চাহিদা বিবেচনায় নিয়ে তা প্রণয়ন করা হয়। তিনি জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে স্টুডেন্ট প্রমোশন এন্ড সাপোর্ট সার্ভিস নামে একটি বিভাগ খোলা হয়েছে যেখানে শিক্ষার্থীদের পেশাগত বিভিন্ন প্রশিক্ষণ ও পরামর্শ দেওয়া হয়।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, উচ্চশিক্ষার যুগোপযোগী হওয়া এখন সময়ের দাবি। শিক্ষার সাথে পরিবর্তনশীল বিশ্ব পরিস্থিতির সংযোগ ঘটাতে হবে। তিনি এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়সমূহে গবেষণা কার্যক্রমের মান ও পরিধি বাড়ানোর উপর জোর দেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রতিটি কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার নির্দেশ দেন রাষ্ট্রপতি।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন, সচিব (সংযুক্ত) মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।